

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:31-07-2024

Time: 07.20-07.25 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Finance Minister :

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল জোর দিয়ে বলেছেন যে সরকার রাজস্ব ঘাটতি ২০২৫-২৬ সালের মধ্যে ৪.৫ শতাংশের নিচে নামিয়ে আনতে বদ্ধ পরিকর। লোকসভায় সাধারণ বাজেট এবং জম্মু ও কাশ্মীরের বাজেটের উপর আলোচনার জবাবে দিতে গিয়ে শ্রীমতি সীতারামন একথা বলেন। অর্থ মন্ত্রী বলেন ভারত কোভিড-এর পরে সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনীতি। তিনি আরও বলেন যে ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারত গড়তে সকলকে একসাথে কাজ করা উচিত। তিনি উল্লেখ করেন যে কোভিড মহামারীর পরেও ভারতীয় অর্থ ব্যবস্থায় বৃদ্ধি বর্তমান রয়েছে। তিনি গত তিন বছরে ভারতকে দ্রুত বর্ধনশীল অর্থ ব্যবস্থা বানানোর ক্ষেত্রে যোগদানের জন্য সবাই কে ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্ব ছাড়া তা সম্ভব হতো না বলে অর্থমন্ত্রী অভিমত প্রকাশ করেন।

Panchayet Election-Mock Poll :

খোয়াই ব্লকের কনফারেন্স হলে গতকাল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভোটগ্রহণের কাজে নিযুক্ত কর্মীদের নিয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় খোয়াই ব্লকের বিডিও তথা আরও অভিজিৎ দাস

কিভাবে ভোটগ্রহণ করতে হবে ও ভোটগ্রহণের ক্ষেত্রে ভোট কর্মীদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে আলোচনা করেন। তাছাড়া এআরও কুস্তল চক্রবর্তী বক্তব্য রাখতে গিয়ে প্রিসাইডিং অফিসারের দায়িত্ব ও কর্তব্য সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। মহড়ায় ৩৬০ জন ভোটগ্রহণ কর্মী অংশ নেন।

PMJDY :

কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী গতকাল রাজ্যসভায় জানিয়েছেন যে এই মাসের ১০ তারিখ পর্যন্ত ৫২.৭৪কোটি প্রধানমন্ত্রী জন ধন যোজনা অর্থাৎ PMJDY অ্যাকাউন্টগুলিতে ২ লক্ষ ৩১ হাজার ৯০৯ কোটি টাকা জমা হয়েছে।

শ্রী চৌধুরী বলেন এই PMJDY অ্যাকাউন্টগুলির মধ্যে, মহিলাদের ২৯.৩২কোটি অ্যাকাউন্ট রয়েছে।

এখনও পর্যন্ত PMJDY অ্যাকাউন্টধারীদের ৩৫.৭৮ কোটি RuPay কার্ড ইস্যু করা হয়েছে।

NEET UG Counselling :

২০২৪ সালের NEET UG'র কাউন্সেলিং এর প্রথম পর্ব আগামী ১৪ই আগস্ট থেকে শুরু হবে। রাজ্যসভায় গতকাল সম্পূরক প্রশ্নের জবাবে, স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেন যে সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে, কাউন্সেলিং চার পর্বে অনুষ্ঠিত হবে। শ্রীমতি প্যাটেল বলেন, আগষ্টের প্রথম সপ্তাহে নিবন্ধন শুরু হবে

এবং ১৪ আগস্ট থেকে ২৩শে আগস্টের মধ্যে প্রথম দফার কাউন্সেলিং অনুষ্ঠিত হবে।

Electricity Training :

বিদ্যুৎ দপ্তরের লাইনম্যান এবং হেল্পারদের কাজের সময় দুর্ঘটনা এড়াতে এবং লাইনম্যান এবং হেল্পাররা যাতে সুরক্ষাবিধি মেনে, দ্রুত লাইন মেরামত করতে পারেন, এই উদ্যেশ্যে গতকাল থেকে প্রশিক্ষণ শুরু হয়েছে। ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশনের উদ্যোগে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটের উত্তর পূর্বাঞ্চলীয় কার্যালয়ের সহযোগিতায় এই তিনদিনের প্রশিক্ষণ কার্যসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট উত্তর-পূর্বাঞ্চলীয় কার্যালয়ের অধিকর্তা ডঃ রোহিত ভার্মা সহ অন্যান্যরা। এই শিবিরে গোটা রাজ্য থেকে বাছাই করা ৩০ জন লাইনম্যান এবং হেল্পার প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষণে এসেছেন। রোহিত ভার্মা জানিয়েছেন, গোটা দেশে একযোগে কুড়ি হাজার লাইনম্যানের প্রশিক্ষণ শুরু হয়েছে।

Olympic :

প্যারিস অলিম্পিকে ১০ মিটার এয়ার পিস্তল মিক্সড বিভাগে ব্রোঞ্জ পদক জয়ের জন্য ভারতীয় শ্যুটার মনু ভাকের ও সরবজোত সিং-কে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

এক বার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন: "আমাদের শ্যুটাররা আমাদের গর্বিত করে চলেছেন। দুজনই উচ্চ দক্ষতা এবং দলগত সাফল্যের প্রমাণ দিয়েছেন। ভারত অত্যন্ত আনন্দিত।

Administrative operations-sabroom :

সাব্ৰুম মহকুমা প্রশাসন পুলিশকে সঙ্গে নিয়ে গতকাল সন্ধ্যায় মনুবাজারে মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বিক্রি ও প্লাস্টিক ব্যবহারের বিরুদ্ধে প্রশাসনিক অভিযান চালায়। সাব্ৰুম মহকুমা শাসক অফিসের ডিসিএম নকুল পাল, রতন দাস সহ আবগারি ও শুল্ক দপ্তর, ওজন ও পরিমাপ দপ্তরের আধিকারিকরা অভিযানে নেতৃত্ব দেন। অভিযানে ৮০ কেজি প্লাস্টিকের প্যাকেট বাজেয়াপ্ত করা হয় এবং ব্যবহারকারীদের কাছ থেকে ৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং মাছ ব্যবসায়ীদের মজুত করা ১০০ কেজি পচা মাছ বাজেয়াপ্ত করে নষ্ট করে দেওয়া হয় বলে জানান প্রশাসনিক আধিকারিকরা।

Ganja :

আগরতলা রেল স্টেশনে গতকাল গাঁজা সহ ধরা পড়েছে বিহারের দুই যুবক। রেল থানার ওসি তাপস দাস জানান, ধৃতদের কাছ থেকে ২৮ কিলো শুকনো গাঁজা পাওয়া গেছে। ধৃতদের আজ আদালতে হাজির করা হবে বলে ওসি জানিয়েছেন।

Single use Plastic :

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে পুর এলাকায় প্লাস্টিক আবর্জনার মূল্যায়ন ও তার বৈশিষ্ট্য বিষয়ে গতকাল এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় আগরতলা মিউনিসিপাল

কর্পোরেশনের জোনাল অফিসার, সেনিটারি অফিসার ও টাস্ক ফোর্সের সদস্যরা অংশগ্রহণ করেন।

Discussion on Railway Budget :

লোকসভায় গতকাল ২০২৪-২৫ এর জন্য রেল মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন অনুদানের দাবি নিয়ে আলোচনা হয়।

আলোচনায় অংশ নিয়ে কংগ্রেসের কে সুরেশ দাবি করেন যে রেলের বাজেট অসমভাবে বিতরণ করা হয়েছে।

জেডি (ইউ) -এর দিলেশ্বর কামাইত বলেছেন, ভারতীয় রেল দ্রুত গতিতে এগিয়ে চলেছে। বিহারে এই সেক্টরে যে উন্নয়ন হয়েছে তার জন্য তিনি রেলমন্ত্রীর প্রশংসা করেছেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
